# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৬তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| সভার তারিখ ও সময় | : | ০৭ ফেব্রুয়ারি ২০২৩, বিকাল ০২.০০ টা। |
| সভার স্থান | : | ১ নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য (সরাসরি) । |

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সভায় উপস্থিত সবাইক স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব আহমেদ শাফী, পরিচালক (চলতি দায়িত্ব), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে কার্যপত্রের আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৫তম সভার কার্যবিবরণী অনুমোদন।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৫তম সভা ০৬ অক্টোবর ২০২২ খ্রি:, রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ১ নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ২৭/১০/২০২২ খ্রি: তারিখের ১২.০৪.০০০০.০১০.০৬.০০২.১৮.১৮০৬ নং স্মারকে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। কারিগরি কমিটির ১০৫তম সভার আলোচ্য বিষয় ২ সম্পর্কিত আলোচনায় বোরো ২০২১-২২ মৌসুমে ৩টি চেক জাত শব্দ-গুলির পরিবর্তে নামসহ ২টি চেক জাত উল্লেখ করার বিষয়ে প্রস্তাব করা হয়। আলোচনা শেষে প্রস্তাব অনুযায়ী কার্যবিবরণী সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। অদ্যকার সভায় আলোচনাপূর্বক ঐক্যমতের ভিত্তিতে কার্যবিবরণী সংশোধনপূর্বক নিশ্চিতকরণের সিদ্ধান্ত নেওয়া হয়।

**সিদ্ধান্ত: ঐক্যমতের ভিত্তিতে ১০৫তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ২ সংশোধন সাপেক্ষে উপস্থাপিত বোরো ২০২১-২২ মৌসুমে ৩টি চেক জাত শব্দগুলির পরিবর্তে ২টি চেক জাতের নাম উল্লেখপূর্বক জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৫তম সভার কার্যবিবরণীটি নিশ্চিতকরণ করা হয়।**

**আলোচ্য বিষয় ২: ২০২২-২৩ আউশ মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

১ম ও ২য় বর্ষে ২০২১-২২ ও ২০২২-২৩ **আউশ** মৌসুমের **০৫** (পাঁচ)টি বীজ কোম্পানি/প্রতিষ্ঠান হতে হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ০৬ (ছয়)টি হাইব্রিড জাতের বীজের নমুনা পরীক্ষার জন্য পাওয়া যায়। নিম্নে প্রাপ্ত হাইব্রিড ধানের জাতসমূহের তথ্যাবলি উল্লেখ করা হলোঃ

**১ম বর্ষ(২০২১-২০২২): মোট ৫টি**

| Sl. No | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | National AgriCare Import & Export Ltd. | National AgriCare Hybrid dhan11 (PAC807)<br>ARIN518BDA/ ARIN518BDM | India | 2022-23 (1st) |
| 2 | DuPont Bangladesh Ltd. | DuPont Hybrid dhan1<br>Pioneer 28P68 | India | 2022-23 (1st) |
| 3 | DuPont Bangladesh Ltd. | DuPont Hybrid dhan3<br>Pioneer 25P85 | India | 2022-23 (1st) |

| Sl. No | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 4 | Lal Teer Seed Ltd. | Lal Teer Hybrid dhan6<br>ARIL515BDA/ARIL515BDM | India | 2022-23<br>(1st) |
| 5 | Petrochem Agro Industries Limited | Petrochem Hybrid dhan9<br>ADB 8100 | India | 2022-23<br>(1st) |

**২য় বর্ষ (২০২২-২০২৩): ১টি**

| Sl. No | Seed Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | BRAC | BRAC Hybrid dhan22 (Shakti11)<br>BARDC-BG-36A/BARDC-BG-317R | Bangladesh | 2021-22 & 2022-23<br>(2nd) |

উক্ত ৬টি হাইব্রিড জাতের সাথে ১টি চেক জাতসহ ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। ১টি সেটে (কোড নং- H-1576 থেকে H-1582) ১টি চেকজাতসহ মোট ৭টি জাত বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক দুই বছরের ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয় এবং জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৬তম সভায় উল্লিখিত হাইব্রিড জাতের কোড উন্মুক্ত করা হয়। ১ম ও ২য় বর্ষে হাইব্রিড জাতের চেক জাত হিসেবে ব্রিধান৪৮ ব্যবহার করা হয়েছে। প্রথম বছরের ৫টি জাতের পরবর্তী বছরে ট্রায়াল স্থাপন করে ফলাফল মূল্যায়ন করা হবে।

Heterosis, Sumury of BRAC Hybrid dhan22 (Shakti11); Company Name: BRAC

| Sl no. | Region | 1st Year Heterosis (%) | | | 2nd Year Heterosis (%) | | | Total Heterosis (%) | | Mean Heterosis (%) | | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Code no | On Station | On Farm | Code no | On Station | On Farm | On Station | On Farm | On Station | On Farm | |
| 1 | Dhaka | H-1501 | 6.350 | 0.924 | H-1581 | 14.69 | -11.93 | 21.04 | -11.01 | 10.52 | -5.51 | Failed |
| 2 | Chottogram | H-1501 | 30.273 | 32.925 | H-1581 | 31.67 | 34.13 | 61.94 | 67.06 | 30.97 | 33.53 | Passed |
| 3 | Khulna | H-1501 | 32.788 | 32.620 | H-1581 | 12.33 | 7.91 | 45.12 | 40.53 | 22.56 | 20.27 | Passed |
| 4 | Rajshahi | H-1501 | 10.443 | -4.686 | H-1581 | 24.19 | 0.29 | 34.63 | -4.39 | 17.32 | -2.20 | Failed |
| 5 | Rangpur | H-1501 | 18.637 | 38.941 | H-1581 | -53.45 | -34.68 | -34.81 | 4.26 | -17.40 | 2.13 | (10% Bird Damage) Failed |
| 6 | Barishal /Sylhet | H-1501 | -8.651 | 30.410 | H-1581 | 11.11 | 5.36 | 2.46 | 35.77 | 1.23 | 17.88 | Failed |

হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা, ***২০২০ অনুযায়ী প্রস্তাবিত জাতটির ট্রায়ালের ফলাফল বিশ্লেষণে কমপক্ষে ৪টি*** অঞ্চলে নিবন্ধনযোগ্য হইলে সারাদেশে এবং ৩টি অঞ্চলে নিবন্ধনযোগ্য হইলে অঞ্চলভিত্তিক নিবন্ধনযোগ্য হইবে। ***হাইব্রিড ধানের***

**জাত মূল্যায়নে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সর্বোচ্চ ফলনশীল মৌসুমভিত্তিক ইনব্রিড জাতকে চেক জাত হিসাবে ব্যবহার করিতে হইবে এবং নিবন্ধন চাহিত জাতের ফলন চেক জাতের চেয়ে ২০% বেশী Heterosis হইলে হাইব্রিড জাত হিসাবে নিবন্ধন করার সুপারিশ করিতে হইবে।**

২য় বর্ষে ট্রায়ালকৃত BRAC Hybrid dhan22 আউশ হাইব্রিড জাতটির ফলাফল পর্যালোচনা করে দেখা যায়, জাতটি শুধুমাত্র চট্টগ্রাম ও খুলনা অঞ্চলে চেক জাতের চেয়ে ২০%বেশী Heterosis পাওয়া গিয়েছে। সুতরাং প্রস্তাবিত BRAC hybrid dhan22 জাতটি নিবন্ধনযোগ্য নয়।

**সিদ্ধান্ত: ২০২২-২৩** আউশ **মৌসুমে হাইব্রিড ধানের** জাতটি **নিবন্ধনের শর্ত পূরণ করেনি।**

**আলোচ্য বিষয় ৩: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ০১ (এক)টি ইনব্রিড আউশ ধানের জাত BR8781-16-1-3-P2 (ব্রি ধান১০৬) ছাড়করণ।**

**ক. BR8781-16-1-3-P2 (ব্রি ধান১০৬):** ব্রি ধান১০৬ এর কৌলিক সারি BR8781-16-1-3-P2। উক্ত কৌলিক সারিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে পশ্চিম আফ্রিকার ধানের জাত MOROBEREKAN এবং ইরি'র জনপ্রিয় জাত IR50 এর সাথে রোপা আউশ **২০০৭-০৮** সালে সংকরায়ণ করে বংশানুক্রম সিলেকশন (Pedigree Selection) এর মাধ্যমে উদ্ভাবিত। এরপর বংশানুক্রমের বিভিন্ন ধাপে বাছাই এর মাধ্যমে ২০১৯-২০ সালে গবেষণা মাঠে আঞ্চলিক উপযোগিতায় সন্তোষজনক ফলাফল পাওয়ার পর ২০২০-২১ সালে আউশ মওসুমে দেশের অলবণাক্ত জোয়ার-ভাটা এলাকায় কৃষকের মাঠে আঞ্চলিক উপযোগিতা যাচাই করা হয়। পরবর্তীতে ২০২১-২২ সালে কৌলিক সারিটি উদ্ভিদ শারীরতত্ত্ব বিভাগ এর গবেষণায় Lodging tolerant বলে বিবেচিত হওয়ায় ২০২২-২৩ সালে কৌলিক সারিটি বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে বাংলাদেশের ০৬ (ছয়)টি অলবণাক্ত জোয়ার-ভাটা এলাকায় কৃষকের মাঠে মূল্যায়ন করা হয়।

এ জাতের ডিগ পাতা খাড়া, প্রশস্ত ও লম্বা। পাতার রং গাঢ় সবুজ। এ জাতের গাছের গোড়ায় ও ধানের দানার মাথায় বেগুনী রং বিদ্যমান। এ জাতের অন্যতম বৈশিষ্ট্য হলো গাছের উচ্চতা ব্রি ধান২৭ এর চেয়ে কম এবং Lodging tolerant, ধানের দানার রং সোনালী রঙের, মাঝারি মোটা। ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২০.৬৭ গ্রাম, প্রোটিনের পরিমান ৮.৫ % ও এ্যামাইলোজের পরিমান ২৭.২%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর **Distinctness, Uniformity and Stability (DUS)** পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **Flag leaf: attitude of blade, Time of heading (50% of plants with heads), Panicle: length, Time of maturity, Grain: length (without dehulling)** এবং **Decorticated grain: length, Polished grain: size of white core or chalkiness, lodging tolerant** এ ৮টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান২৭ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

বিদ্যমান পরিস্থিতিতে ৬টি অলবণাক্ত জোয়ার-ভাটা অঞ্চল না থাকায় ২টি অঞ্চলের ২টি অনস্টেশন ও ৪টি অনফার্মে ট্রায়াল বাস্তবায়ন করা হয়।

এ প্রেক্ষিতে ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় বলেন, প্রস্তাবিত জাতটির গড় জীবনকাল চেক জাতের চেয়ে বেশি পাওয়া গিয়েছে।

জনাব মো: শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অফ সিড টেকনোলজি বলেন, প্রস্তাবিত জাতসমূহের বর্ণনায় রোগবালাই ও পোকামাকড়ের সংবেদনশীলতার স্কেলের ব্যাখ্যা দেয়া প্রয়োজন।

এ পর্যায়ে ড. মাহমুদা খাতুন, পিএসও, ব্রি গাজীপুর বলেন, প্রস্তাবিত জাতটি রোগবালাই ও পোকামাকড় প্রতিরোধী হিসেবে প্রস্তাব করা হয়নি। তিনি আরও বলেন, প্রস্তাবিত জাতটি আউশ মওসুমে দেশের অলবণাক্ত জোয়ার-ভাটা এলাকার জন্য উপযোগী। এজন্য চেক জাত হিসেবে ব্রি ধান৪৮ এর পরিবর্তে ব্রি ধান২৭ দেয়া হয়েছে।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রস্তাবিত ব্রি ধান১০৬ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| Sl. No. | Region | Trial Location | Duration (Days) | | Yield (ton/ha) | | Prevalence and intensity of Diseases (0-9 scale) | | Prevalence and intensity of insects (0-9 scale) | | Lodging tolerant | | Opinion of Field Evaluation Team | Heterosis | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | |
| 1 | Chottogram | BRRI Feni | 126 | 114 | 5.49 | 4.52 | BB-3 BPB-5 | BB-1 | SB-1 | SB-1 | 0 | 5 | Irregular Flowering & maturity | 21.46% | ব্রি ধান১০৬ জাতটিতে ৬টি স্থানের মধ্যে ৫টি স্থানে (২টি অনস্টেশন ও ৩টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি পাওয়া গিয়েছে |
| 2 | | lakshmipur | 119 | 106 | 5.07 | 4.14 | BB-5, LB-1 | BB-3 | SB-3 | SB-1 | 0 | 7 | 4 times submerged with saline | 22.46% | |
| 3 | Barishal | BRRI Barishal | 117 | 109 | 4.90 | 4.25 | BB-5, ShB-5 | BB-5, ShB-5 | YSB-3 | YSB-5 | 1 | 5 | | 15.29% | |
| 4 | | Barishal | | | | | | | | | - | - | Flooded | | |
| 5 | | Amtoli, Barguna | 114 | 108 | 4.47 | 3.82 | SHB-5 | SHB-7 | YSB-3 | YSB-5 | 1 | 5 | | 17.01% | |
| 6 | | Badarpur, Patuakhali | 111 | 104 | 4.01 | 3.66 | SHB-5 | SHB-3 | YSB-3 | YSB-3 | 1 | 3 | | 10.00% | |
| | Mean | | 117 | 108 | 4.79 | 4.08 | | | | | | | | 17.40% | |

N.B: SHB=Sheath Blight, BB= Bacterial Blight, SB=Stem Borer, YSB=Yellow Stem Borer

IRRI SES (Standard Evaluation System) অনুসারে জাতটিতে রোগ ও পোকার সংক্রমণ সহনশীল পর্যায়ে ছিল।

এখানে উল্লেখ্য যে, **ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০১৯ অনুসারে, প্রতিকূল পরিবেশ সহিষ্ণু জাতের বিবেচনায় প্রস্তাবিত জাতটি সমান জীবনকাল সম্পন্ন চেক জাতের চেয়ে কমপক্ষে ৪টি অঞ্চলে ন্যনতম ১০% বেশি ফলন বা বিশেষ গুন সম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে।** যেহেতু জাতটি আউশ মৌসুমে দেশের অলবণাক্ত জোয়ার-ভাটা এলাকার জন্য উপযোগী সুতরাং জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: প্রস্তাবিত কৌলিক সারিটি BR8781-16-1-3-P2 আউশ মৌসুমে ব্রি ধান১০৬ হিসেবে অলবণাক্ত জোয়ার-ভাটা এলাকা চট্টগ্রাম ও বরিশাল অঞ্চলের জন্য অঞ্চলভিত্তিক ছাড়করণের সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৪: বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক BRC266-5-1-1-1 (প্রস্তাবিত ব্রি ধান১০৫) কৌলিক সারিটির জিআইএর মান স্বীকৃত ল্যাবরেটরী হতে পরীক্ষা করে রিপোর্ট উপস্থাপন।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৫তম সভার সিদ্ধান্ত আনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক BRC266-5-1-1-1 কৌলিক সারিটির জিআইএর মান বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বায়োকেমেস্ট্রি ও মলিকুলার বায়োলজি ডিপার্টমেন্টের ল্যাবরেটরী হতে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষায় প্রাপ্ত ফলাফল আনুযায়ী জিআই এর মান প্রস্তাবিত জাতে ৫৫.২০ এবং চেক জাত ব্রি ধান৫৮ এ ৬৪.১০ পাওয়া গিয়েছে। জিআই এর মান ৫৫ এর সমান বা কম থাকলে তা লো জিআই সম্পন্ন জাত বলে গণ্য করা হয়।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, বাংলাদেশে বিআর১৬ ই একমাত্র লো জিআই সমৃদ্ধ জাত। বোরোতে এধরনের আর কোনো জাত নেই। ফলে ভোক্তা পর্যায়ে এ জাতের বিশেষ চাহিদা থাকা স্বাভাবিক। এ কারণে জাতটি নিম্ন উৎপাদনশীল হওয়া সত্ত্বেও ছাড়করণ করা যেতে পারে।

এ প্রেক্ষিতে ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয় বলেন, যেহেতু বোরো মৌসুমে লো জিআই সমৃদ্ধ কোন জাত নেই সেহেতু বিশেষ বৈশিষ্ট্য সম্পন্ন জাত হিসেবে ব্রি ধান১০৫ জাতটিকে সুপারিশ করা যায়।

মধ্যম মাত্রার জিআই এর মান ৫৬-৬৯ এবং নিম্নমাত্রার জিআই এর মান ৫৫ বা তার কম। প্রস্তাবিত জাতে জিআই এর মান ৫৫.২০ হওয়ায় এটি ৫৬ এর নিচে বিধায় সভায় উপস্থিত সদস্যবৃন্দ এটিকে লো জিআই জাত হিসেবে একমত পোষণ করেন।

**বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর প্রস্তাবিত ব্রি ধান১০৫ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ**

| SL NO | Region | Trial Location | Duration (Days) | | Yield (Ton/ha) | | Prevalence and intensity of Diseases | | Prevalence and intensity of insects | | Heterosis | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | Proposed Variety | Check Variety | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 17 | |
| 1 | Dhaka | BRRI Gazipur | 150 | 151 | 8.51 | 7.28 | Shb-3,BB-3 | Shb-3,BB-5 | 0 | 0 | 16.90% | ব্রি ধান১০৫ জাতটিতে ১০টি স্থানের মধ্যে ১টি স্থানে (১টি অনস্টেশন) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি পাওয়া গিয়েছে। |
| 2 | Mymensingh | BINA | 152 | 154 | 8.11 | 7.84 | LB-3,BB-3 | LB-1,BB-1 | LR-3,SB-3,RB-1 | LR-3,SB-3,RB-1 | 3.44% | |
| 3 | Faridpur | BRRI Faridpur | 151 | 145 | 7.52 | 8.20 | BS-70%(7) BLB-30%(3) | BS-70%(7) BLB-10%(1) | SB-01(5%) | SB-01(5%) | -8.29% | |
| 4 | Jashore | Sadar Jashore | 142 | 133 | 7.78 | 8.53 | NB-2 | NB-2 | SB-2 | SB-2 | -8.79% | |
| 5 | Chottogram | Sadar Feni | 141 | 140 | 8.01 | 7.57 | BB-3 | 0 | SB-1 | 0 | 5.81% | |
| **6** | Cumilla | Laksham | 145 | 141 | 7.81 | 7.23 | NB-3, Shb-3 | NB-3, Shb-3 | SB-1 | SB-1 | 8.02% | |
| **7** | Bogura | Bogura Sadar | 153 | 155 | 6.51 | 6.63 | BS-1,BB-3,Shb-1 | BS-1,BB-1,Shb-1 | WH-3,RB-3 | WH-1,RB-3 | -1.81% | |
| **8** | Barishal | Babuganj | 144 | 142 | 7.62 | 7.07 | BS-1 | BS-2 | YSB-1 | YSB-1 | 7.78% | |
| **9** | Rangpur | BRRI Rangpur | 152 | 153 | 7.05 | 7.67 | LB-1, BLB-1,Shb-1 | LB-1, BLB-1,Shb-1 | RB-1,SB-1 | RB-1,SB-1 | -8.08% | |
| 10 | Dinajpur | Sadar Dinajpur | 148 | 150 | 7.21 | 8.44 | BLB-1 | BLB-1 | SB-1,RB-1 | SB-1,RB-1 | -14.57 | |
| Mean | | | 148 | 147 | 7.61 | 7.65 | | | | | | |

N.B: SHB=Sheath Blight, BB= Bacterial Blight, BS= Brown Spot, LB=Leaf Blight, NB=Neck Blast, LS=Leaf Steak, BLS=Bacterial leaf Steak, SB=Stem Borer, RB=Rice Bug, BPH= Brown Plant Hopper, YSB=Yellow stem borer, GD-Grain damage

IRRI SES (Standard Evaluation System) অনুসারে ফরিদপুর অঞ্চলে Brown Spot রোগটিতে স্কেল-৭ পাওয়া গিয়েছে যা জাতটিকে এই রোগের প্রতি সংবেদনশীল বোঝায়।

ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি অনুসারে, **১০টি অঞ্চলের মধ্যে কমপক্ষে ৬ টি অঞ্চলে প্রস্তাবিত জাতটি সমান জীবনকাল সম্পন্ন চেক জাতের চেয়ে ১০% ফলন বা বিশেষগুন সম্পন্ন হলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলে বিবেচিত হবে।** তবে পুষ্টিগুণসমৃদ্ধ জাতের ক্ষেত্রে ফলন সমান হলেও তা বিবেচনায় নেয়া যেতে পারে। যেহেতু প্রস্তাবিত ব্রি ধান ১০৫ জাতটি বিশেষ গুনসম্পন্ন (লো জিআই) সেহেতু জাতটি কে ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: প্রস্তাবিত কৌলিক সারিটি BRC266-5-1-1-1 বোরো মৌসুমে ব্রি ধান১০৫ হিসেবে ছাড়করণের জন্য সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক প্রস্তাবিত ০১টি তোষা পাট ও ০১টি কেনাফ এর জাত ছাড়করণ।**

**(ক) বিজেআরআই তোষা পাট৯** (O-043-7-9): বিজেআরআই তোষা পাট৯ এর কৌলিক সারি ০-০৪৩-৭-৯। প্রথমে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত কৌলিক সারি Acc.1749 জাত এর সাথে ভারতীয় জাত JRO-524 এর সংকরায়ণ করা হয় এবং পরবর্তীতে পেডিগ্রি প্রক্রিয়ার মাধ্যমে এই সারিটি উদ্ভাবন করা হয়। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচনের পর ৪ বৎসর ফলন পরীক্ষার করা হয় এবং পরবর্তীতে

উক্ত কৌলিক সারিটি বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়। ইহা চেকজাত বিজেআরআই তোষা পাট৮ এর চেয়ে লম্বা। পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ৩.৫৩ মিঃ, বেসাল ডায়ামিটার ১৬.৫৪। ১০০০ টি পুষ্ট বীজের ওজন প্রায় ১.৭৫ গ্রাম।

প্রস্তাবিত জাতটিতে Stem color, Petiole, Leaf length breath ratio, 1000 seed weight ৪টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরূপ জাত বিজেআরআই তোষা পাট৮ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

এ প্রেক্ষিতে ড. নাসরীন আক্তার আইভি, প্রফেসর, বশেমুরকৃবি বলেন, প্রস্তাবিত জাতে বিজেআরআই তোষা পাট৮ এর সাথে চেক দেয়া হয়েছে। প্রস্তাবিত জাত চেকজাত এর চেয়ে লম্বা সুতরাং জাতটিকে ছাড়করণ করা যেতে পারে।

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি বলেন, প্রস্তাবিত জাত সম্পর্কে সঠিক ধারনা পাওয়ার জন্য মাঠ মূল্যায়নের সময় মাঠ পরিদর্শন করে প্রস্তাবিত ও চেকজাতের চিত্র ধারণ করে কার্যপত্রে উপস্থাপন করতে হবে।

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক পাটের প্রস্তাবিত বিজেআরআই তোষা পাট৯ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| Sl no | Region | Trial Station | Population (lac/ha) | | Plant height (m) | | Fibre yield (t/ha) | | Infestation by pest and disease | | Heterosis | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | | |
| 1 | Dhaka (On Station) | JAES, Manikganj | 3.2 | 2.3 | 4.10 | 3.71 | 2.54 | 2.28 | SR-0.5%, Anthracnose-0.5%, JYM-0.5%, JA-0.75% | SR-0.5%, DB-0.5%, JYM-1.0%, JA-1.25% | 11.40% fibre yield higher than check | |
| 2 | Dhaka (On Farm) | Jagir, Manikganj | 3.9 | 2.2 | 4.15 | 3.71 | 2.36 | 1.93 | SR-0.5%, JYM-0.5%, JA-1.0% | SR-0.75%, JYM-1.25%, JA-1.5% | 22.28% fibre yield higher than check | |
| 3 | Mymensingh (On Station) | Kishoreganj | 3.4 | 2.8 | 3.75 | 3.71 | 3.64 | 2.96 | SR-1.0%, DB-1.0%, Anthracnose-0.5%, Apion-3.0%, YM-3.0% | DB-1.2%, Anthracnose-0.5%, SR-1.0%, Apion-1.0%, YM-1.0% | 22.97% fibre yield higher than check | |
| 4 | Mymensingh (On Farm) | Rashidabad, Kishoreganj | 3.5 | 3.0 | 3.68 | 3.44 | 3.73 | 3.36 | SR-1.0%, DB-0.5%, Apion-4.0%, YM-0.5% | Anthracnose-0.5%, SR-1.2%, Apion-1.0%, YM-0.5% | 11.01% fibre yield higher than check | |
| 5 | Cumilla (On Station) | JRRS, Cumilla | 2.8 | 2.6 | 4.52 | 4.21 | 3.88 | 3.11 | DB -1.0%, SR-1.0%, YM-0.75%, JA-0.5% | DB -1.5%, SR-1.0%, YM-1.5%, JA-1.0% | 24.76% fibre yield higher than check | |
| 6 | Cumilla (On Farm) | Chandina, Cumilla | 3.5 | 3.2 | 3.18 | 3.11 | 3.83 | 3.21 | SR -0.5%, Anthracnose-0.5%, YM-0.5%, SB-0.5%, JA-0.75% | DB -0.5%, SR-0.5%, YM-1.5%, JA-1.0% | 19.31% fibre yield higher than check | বিজেআরআই তোষা পাট৯ জাতটিতে ১০টি স্থানে (৫টি অনস্টেশন ও ৫টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে বেশি। |
| 7 | Khulna (On Station) | JRSS, Manirampur Jashore | 3.1 | 2.6 | 3.31 | 3.21 | 3.02 | 2.55 | DB-1.25%, SR-0.5%, Yellow mite-0.75%, Apion-0.5% | DB-1.50%, SR-0.75%, Yellow mite-1.5%, Apion-1% | 18.43% fibre yield higher than check | |
| 8 | Khulna (On Farm) | Manirampur Jashore | 3.3 | 2.7 | 3.70 | 3.49 | 3.05 | 2.83 | SR-1.0%, DB-0.5%, Yellow mite-0.5%, Apion-1.0% | SR-1.5%, Anthracnose-1.0%, Yellow mite-2%, Apion-2% | 8.00% fibre yield higher than check | |
| 9 | Rangpur (On Station) | JRRS, Mahiganj Rangpur | 2.9 | 2.0 | 2.72 | 2.57 | 1.52 | 1.17 | Anthracnose-1.3%, SR-0.5%, | DB-1%, SR-1.2%, Yellow mite-2-3% | 29.91% fibre yield higher than check | |
| 10 | Rangpur (On Farm) | Mahiganj Rangpur | 2.8 | 2.1 | 2.88 | 2.67 | 1.83 | 1.68 | SR-1.0%, Anthracnose-0.5%, YM-0.5% | SR- 1.5%, DB-1.0%, YM-2-3% | 8.93% fibre yield higher than check | |
| 11 | Faridpur (On Station) | JRRS, Faridpur | 3.7 | 3.5 | 3.07 | 2.90 | 2.48 | 2.42 | DB-1.0%, SR-0.5%, Yellow mite-0.5%, Jute Apion-1.0% | SR-0.75%, Anthracnose-0.5%, Yellow mite-1.5%, Jute Apion-2% | 2.48% fibre yield higher than check | |
| 12 | Faridpur (On Farm) | Sadar, Faridpur | 4.9 | 4.5 | 3.29 | 3.00 | 2.90 | 2.84 | SR-1.0%, DB-0.5%, Yellow mite-1%, Apion-0.5% | SR-1.50%, DB-1.00%, Yellow mite-2% Apion-1.5% | 2.11% fibre yield higher than check | |
| Mean | | | 3.42 | 2.79 | 3.53 | 3.31 | 2.89 | 2.53 | | | | |

NB: LY- Leaf yellowing, MB-Mealy Bug, SR-Stem Rot, SB-Spiral Borer, DB- Die-back, JA- Jute Apion, YM-Yellow Mite

পাট, কেনাফ এবং মেস্তা ফসলের জাত মূল্যায়ন এবং ছাড়করণ প্রস্তাবিত গাইডলাইন পদ্ধতি, **অনুসারে জাত মূল্যায়নের জন্য দেশের ১২টি কৃষি অঞ্চলের মধ্যে ন্যূনতম ৬টি অঞ্চলে The Randomized Complete Block Design (RCBD) এ ৩টি রেপ্লিকেশন-এর মাধ্যমে ৪টি অনস্টেশন এবং ৬টি অনফার্ম পরীক্ষা স্থাপনের ব্যবস্থা করিতে হইবে। প্রস্তাবিত জাতটি সমান জীবনকাল সম্পন্ন এবং সর্বোচ্চ ফলনশীল চেক জাত এর চাইতে কমপক্ষে ৪টি অঞ্চলে ২টি অনস্টেশন এবং ৪টি অনফার্মসহ মোট ৬ টি স্থানে ন্যূনতম ৮% বেশি আঁশের ফলন হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।** সেহেতু জাতটি কে ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: প্রস্তাবিত কৌলিক সারিটি (O-043-7-9) বিজেআরআই তোষা পাট৯ হিসেবে ছাড়করণের জন্য সুপারিশ করা হলো।**

**খ) KBL-155(1) (প্রস্তাবিত বিজেআরআই কেনাফ৫):**

প্রস্তাবিত বিজেআরআই কেনাফ৫ এর কৌলিক সারি KBL-155(1)। প্রথমে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত Acc.4659, Acc.2731 এবং Acc.2731 এর মধ্যে সংকরায়ন করে ও পরবর্তীতে পেডিগ্রি সিলেকশন পদ্ধতি অনুসরণ করে জাতটি উদ্ভাবন করা হয়। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের গবেষণা মাঠে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচনের পর ২ বৎসর ফলন পরীক্ষার করা হয় এবং পরবর্তীতে উক্ত কৌলিক সারিটি বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়। বিজেআরআই কেনাফ৫ এ উফশী জাতের সকল বৈশিষ্ট্য বিদ্যমান। এ ছাড়াও প্রস্তাবিত জাতটিতে গাছের উচ্চতা ২.৯৫ মিটার, বেসাল ডায়ামিটার ২০.৭৪ মি.মি. ও ১০০০ টি পুষ্ট বীজের ওজন ২৮.৯৬ গ্রাম।

উল্লেখ্য, প্রস্তাবিত জাতের Distinctness, Uniformity and Stability পরীক্ষার জন্য বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে Stem color, Leaf shape, Leaf length-breadth ratio, Leaf colour (lamina), Petiole length, Flower colour, Anther colour, 1000 seed weight এই ৭টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত অনুরুপ জাত বিজেআরআই কেনাফ৪ হতে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

ড. মো: গোলাম মোস্তফা, সিএসও, প্রজনন বিভাগ, বিজেআরআই বলেন, মেস্তা ও কেনাফে পাটের তুলনায় রোগবালাই কম হয়।

এ পর্যায়ে, ড. মো. আব্দুল মালেক, পরিচালক (গবেষণা), বিনা, ময়মনসিংহ বলেন, পাট, কেনাফ ও মেস্তা ফসলে রোগবালাই plant height, growth & fibre yield এ কোন প্রভাব ফেলে না।

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক পাটের প্রস্তাবিত বিজেআরআই কেনাফ৫ জাতের মাঠ মূল্যায়ন ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| Sl no | Region | Trial Station | Population (lac/ha) | | Plant height (m) | | Fibre yield (t/ha) | | Infestation by pest and disease | | Heterosis | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | | |
| 1 | Dhaka (On Station) | JAES, Manikganj | 2.7 | 2.6 | 2.87 | 2.67 | 3.01 | 2.38 | LY-1.0% MB-0.5% | LY-1.0% MB-1.5% | 26.47% fibre yield higher than check | ১২টি স্থানে (৬টি অনস্টেশন |

| Sl no | Region | Trial Station | Population (lac/ha) | | Plant height (m) | | Fibre yield (t/ha) | | Infestation by pest and disease | | Heterosis | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | Proposed variety | Check variety | | |
| 2 | Dhaka (On Farm) | Manikganj | 2.4 | 2.0 | 3.28 | 3.03 | 3.51 | 2.98 | LY-1.0%<br>SR-0.5%<br>MB-1.0% | LY-1.5%<br>SR-0.5%<br>MB-2.0% | 17.78% fibre yield higher than check | ও ৬টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ৮% বেশি। |
| 3 | Mymensingh (On Station) | JRRS, Kishoreganj, | 3.33 | 3.17 | 2.69 | 2.65 | 3.14 | 2.76 | LY-1.0%, SR-0.5%, MB-5.0%, SB-1.0% | LY-1.0%, SR-0.75%, MB-3.0% | 13.76% fibre yield higher than check | |
| 4 | Mymensingh (On Farm) | Rashidabad, Kishoreganj | 3.13 | 2.77 | 3.15 | 2.84 | 3.64 | 2.84 | LY-1.2%, SR-0.5%, MB-1.0% | LY-1.3%, SR-1.0%, MB-1.0% | 28.16% fibre yield higher than check | |
| 5 | Cumilla (On Station) | JRRS, Chandina, | 3.2 | 2.6 | 2.76 | 2.50 | 2.36 | 2.16 | SR-0.5%, MB-0.5%, SB-0.5%, DB-1.0% | Mosaic-0.5%, SR-0.5%, MB-1.0%, SB-1.0% | 9.26% fibre yield higher than check | |
| 6 | Cumilla (On Farm) | Chandina | 3.0 | 2.7 | 3.32 | 3.16 | 3.15 | 2.65 | Mosaic-0.5%, DB-0.5%, MB-0.5% | SR-1.0%, Mosaic-0.5%, MB-1.0% SB-0.5%, | 18.86% fibre yield higher than check | |
| 7 | Khulna (On Station) | JRRS, Manirampur Jashore | 2.5 | 2.1 | 2.99 | 3.05 | 2.38 | 2.00 | LY-1.0%, DB-0.5%, MB-0.75% | LY-1.2%, SR-0.5%, MB-1.25% | 19.00% fibre yield higher than check | |
| 8 | Khulna (On Farm) | Manirampur Jashore | 2.3 | 1.8 | 3.00 | 3.02 | 2.53 | 2.08 | LY-0.5%, SR-0.5%, MB-0.5% | LY-1.2%, SR-0.5%, MB-1.0% | 21.63% fibre yield higher than check | |
| 9 | Rangpur (On Station) | JRRS, Mahiganj Rangpur | 2.3 | 2.0 | 2.74 | 2.62 | 2.32 | 1.78 | MB-0.5% Anthracnose-0.5%, LY-0.5% | MB-1.0-2.0%, LY-1%, DB-1.2% | 30.33% fibre yield higher than check | |
| 10 | Rangpur (On Farm) | Mahiganj Rangpur | 1.8 | 1.4 | 2.63 | 2.46 | 1.87 | 1.48 | MB-0.5%, DB-1.1%, LY-1.0% | MB-2.5%, DB-1.5%, LY-1.5% | 26.35% fibre yield higher than check | |
| 11 | Faridpur (On Station) | JRRS, Faridpur | 2.7 | 2.4 | 2.87 | 2.85 | 2.82 | 2.50 | MB-0.5%, DB-0.5%, SB-1.0% | LY-0.5%, MB-1.5%, SB-2.0% | 12.80% fibre yield higher than check | |
| 12 | Faridpur (On Farm) | Faridpur | 2.6 | 2.3 | 3.06 | 3.02 | 2.67 | 2.47 | DB-0.5%, SR-0.5%, MB-0.75%, SB-0.5% | DB-0.75%, SR-0.5%, MB-1.5%, SB-2.0% | 8.10% fibre yield higher than check | |
| | Mean | | 2.66 | 2.32 | 2.95 | 2.82 | 2.78 | 2.34 | | | | |

NB: LY- Leaf yellowing, MB-Mealy Bug, SR-Stem Rot, SB-Spiral Borer, DB- Die-back

এখানে উল্লেখ্য যে, **প্রস্তাবিত জাতটিতে রোগ ও পোকামাকড় সহনশীল পর্যায়ে পাওয়া যায়। পাট, কেনাফ এবং মেস্তা ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করন প্রস্তাবিত পদ্ধতি অনুসারে, প্রস্তাবিত জাতটি সমান জীবনকাল সম্পন্ন এবং সর্বোচ্চ ফলনশীল চেক জাত এর চাইতে কমপক্ষে ৪টি অঞ্চলে ২টি অনস্টেশন এবং ৪টি অনফার্মসহ মোট ৬ টি স্থানে ন্যূনতম ৮% বেশি আঁশের ফলন হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।** সেহেতু জাতটিকে ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: প্রস্তাবিত কৌলিক সারিটি KBL-155(1) খরিফ মৌসুমে বিজেআরআই কেনাফ৫ হিসেবে ছাড়করণের জন্য সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৬: বিবিধ:**

ক. বিদ্যমান ইনব্রিড ধান, গম এবং হাইব্রিড ধান এর জাত মূল্যায়ন ও ছাড়করন পদ্ধতির গাইডলাইন হালনাগাদকরন জাতীয় বীজ বোর্ডের ১০৮তম সভার আলোচ্য বিষয় ১১ এ হালনাগাদকৃত গাইডলাইনসমূহ ভালোভাবে বিশ্লেষণ করে পরবর্তী সভায়

আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে হালনাগাদকৃত গাইডলাইনসমূহ প্রেরণ করা হয় এবং বিগত ০৯/০১/২৩ তারিখে আহমেদ শাফী, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী এর সভাপতিত্বে নোটিফাইড ফসলের প্রস্তাবিত জাত মূল্যায়ন ও ছাড়করণ/নিবন্ধন পদ্ধতি (সংশোধিত) শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ এ বিষয়ে তাঁদের মতামত তুলে ধরেন। এছাড়াও বিভিন্ন স্টেকহোল্ডার তাঁদের মতামত লিখিত আকারে প্রেরণ করেন। (পরিশিষ্ট **'খ'** দ্রষ্টব্য)

খ. জনাব ড. মো: হাবিবুল্লাহ বাহার, নির্বাহী সদস্য, বিএসএ এবং ধানের উপকমিটির প্রধান সদস্য সভাকে অবহিত করেন যে, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০৪তম সভায় সুপারিশকৃত সিনজেন্টা এর সিনজেন্টা হাইব্রিড ধান৯ এবং অস-বাংলা এগ্রো এর অস বাংলা হাইব্রিড ধান২ হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা, ২০২০ অনুযায়ী সুপারিশ প্রাপ্ত হয়। কিন্তু এনএসবি এর ১০৮তম সভায় এনএসবি কর্তৃক উক্ত হাইব্রিড ধানের জাত ৩টি কম ফলনের কারণে সুপারিশ প্রাপ্ত হয় নি। উক্ত তিনটি জাতকে এনএসবি বরাবর পুনরায় বিবেচনার জন্য প্রেরণ করা যেতে পারে। (পরিশিষ্ট **'গ'** দ্রষ্টব্য)

**সিদ্ধান্ত: ক. সংশোধিত গাইডলাইনসমূহ পরিবর্তন ও পরিমার্জন করতঃ জাতীয় বীজ বোর্ড বরাবর প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।**

**সিদ্ধান্ত: খ.** হাইব্রিড ধানের ৩টি জাত সম্পর্কিত **প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় বীজ বোর্ড বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।**

পরিশেষে সভাপতি উপস্থিত সকল সদস্যকে মূল্যবান মতামত প্রদান করার জন্য ধন্যবাদ জানান এবং আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০২/২০২৬

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
এবং
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি